

দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ

গাজীপুর-১৭০৩

নথি নং ৫৩.১৮.৩৩০০.০৩৭.০৬.০০৫.২০২০

তারিখঃ ১৯-০৩-২০২০ খ্রি.

বিষয়ঃ ইনোভেশন টিমের সভা প্রসংগে।

করপোরেশনের অফিস নির্দেশ নং এসপিসিবি/প্রশা:/পার্সো:/০৪/২০১৭-২৪০ তারিখ ১৪/১১/১৭ এবং অফিস নির্দেশ নং ৫৩.১৮.৩৩০০.০০৩.১৮.০০১.১৯-২২৫ তারিখ ২৭/০৮/২০১৯ এর আলোকে গঠিত ইনোভেশন টিম এর একটি সভা অদ্য ১৯-০৩-২০২০ ইং তারিখ সকাল ১০:০০টায় ইনোভেশন অফিসার ও মহাব্যবস্থাপক (প্রশাসন) এর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ইনোভেশন টিমের সদস্য জনাব কামাল আহমেদ, সিস্টেমস এনালিস্ট, জনাব মোঃ কবির উদ্দিন, সহকারী প্রোগ্রামার উপস্থিত ছিলেন। ইনোভেশন টিমের বিগত ০৪/০২/২০২০ইং তারিখে অনুষ্ঠিত মাসিক সভার পরবর্তী উদ্ভাবনী পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় প্রাপ্ত উদ্ভাবনী পরিকল্পনার বাস্তবায়ন/বর্তমান অবস্থা ও করণীয় নিম্নরূপঃ

বিষয়	পূর্ববর্তী সভা	বর্তমান অবস্থা	করণীয়
নিজ অফিসের সেবা সহজীকরণ অথবা সেবায় ইনোভেশনঃ	কার্যক্রম প্রক্রিয়াধীন বিধায় কোন করণীয় কার্যক্রম নাই।	<ul style="list-style-type: none"> বাংলাদেশ বাংকের ডিসিএম এর মাধ্যমে বিপিএ কার্যক্রম প্রক্রিয়াধীন। করপোরেশনে কর্মরতদের এমপ্লয়ী আইডি তাৎক্ষনিক একটি পূর্ণাঙ্গ চিত্র বা ধারণা পাওয়ার জন্য নতুন আইডি তৈরীর কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। করপোরেশনের স্কুলে একটি অভিযোগ বাক্স স্থাপন করা হয়েছে। করপোরেশনের আন্তর্বিভাগীয় কার্যক্রম বেগবান করার জন্য বিভিন্ন বিভাগের কার্যক্রম সংশ্লিষ্ট অন্য বিভাগকে অবহিত করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। 	কার্যক্রম প্রক্রিয়াধীন বিধায় কোন করণীয় কার্যক্রম নাই।
ই-সেবা ও ই-ফাইলিং কার্যক্রমঃ	ই-ফাইলের জন্য প্রশাসন বিভাগের মাধ্যমে করপোরেশনের বাস্তবে কার্যকর সাংগঠনিক কাঠামো প্রস্তুত করে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করা হয়েছে। এতদ্বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্তে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে পত্র প্রেরণ করার জন্য পার্সোনেল সার্ভিসেস শাখাকে অনুরোধ করা যেতে পারে।	পত্র প্রেরণের বিষয়ে কোন অগ্রগতি নেই।	আর্থিক প্রতিষ্ঠান বিভাগে পত্র প্রেরণ করার জন্য পার্সোনেল সার্ভিসেস শাখাকে পুনরায় অনুরোধ করা যেতে পারে।
আইডিয়া ম্যানেজমেন্ট ও স্কেলআপঃ	ইনোভেশন আইডিয়া চেয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করার জন্য পার্সোনেল সার্ভিসেস শাখাকে অনুরোধ করা যেতে পারে।	ইনোভেশন বাঞ্চে কোন আইডিয়া পাওয়া যায়নি।	কোন করণীয় কার্যক্রম নাই।
ট্রেনিং:	করপোরেশনের নিজ ব্যবস্থায় উৎপাদন সংশ্লিষ্ট ২০ জন কর্মকর্তাদের নিয়ে করপোরেশনের ইনোভেশন টিমের তত্ত্বাবধানে প্রশিক্ষণে প্রাপ্ত ৪টি চিহ্নিত সেবার উদ্ভাবনী আইডিয়া সমূহ কর্তৃপক্ষের অবগতির জন্য উপস্থাপন করা হবে।	আইডিয়া সমূহ কর্তৃপক্ষের অবগতির জন্য উপস্থাপন করা হয়েছে ও কর্তৃপক্ষের অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে।	অনুমোদিত আইডিয়া পাইলটিং করার ব্যবস্থা নেয়া হবে। পূর্বের ন্যায় করপোরেশনের নিজ ব্যবস্থায় জেনারেল সাইড সংশ্লিষ্ট ২০ জন কর্মকর্তাদের নিয়ে করপোরেশনের ইনোভেশন টিমের তত্ত্বাবধানে ২দিনের কর্মশালার গাইডলাইন অনুযায়ী প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। প্রশিক্ষক হিসেবে ইনোভেশন টিম ইনোভেশন অফিসার ও মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয় ও সদস্য সিস্টেমস এনালিস্ট প্রশিক্ষণ প্রদান করতে পারেন।

বিষয়	পূর্ববর্তী সভা	বর্তমান অবস্থা	করনীয়
ইনোভেটরদের আর্থিক সহায়তা প্রদানঃ	-		উদ্ভাবনী আইডিয়া নির্বাচিত হলে আর্থিক সহায়তার প্রয়োজন হলে সহায়তা প্রদান করা হবে।
পুরস্কার প্রদানঃ	-	আইডিয়া প্রদানকারী সেরা কর্মকর্তা-কর্মচারী নির্বাচিত না হওয়ায় পুরস্কার প্রদান করা সম্ভব হয়নি।	করপোরেশনে কর্মরত আইডিয়া প্রদানকারী সেরা কর্মকর্তা-কর্মচারী নির্বাচিত হওয়া সাপেক্ষে পুরস্কার প্রদানের প্রক্রিয়া গ্রহণ করা হবে।
পার্টনারশিপ ও নেটওয়ার্কিং:	কোন করণীয় কার্যক্রম নাই।	করপোরেশনের ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম কি প্রক্রিয়ার আরও বেগবান করা যায় সে বিষয়ে সম্যক ধারণা/তথ্যাদি নেয়ার জন্য বাংলাদেশ ব্যাংকের ইনোভেশন টিমের সহায়তা নেয়া যেতে পারে।	বাংলাদেশ ব্যাংকের ইনোভেশন টিমের সাথে যোগাযোগপূর্বক তাদের সহায়তা নেয়া যেতে পারে।
সোশ্যাল মিডিয়ার ব্যবহারঃ	করপোরেশনের জন্য সামাজিক মাধ্যম ফেসবুক পেইজ www.facebook.com/spcbl.gazipur বন্ধ হয়ে যাওয়ায় এর পরিবর্তে www.facebook.com/Takshal ফেসবুক পেইজ খোলা হয়েছে। কোন করণীয় কার্যক্রম নাই।	ফেসবুক পেইজটি চলমান রয়েছে।	কোন করণীয় কার্যক্রম নাই।
প্রকাশনা ও ডকুমেন্টেশনঃ	ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী সংক্রান্ত তথ্যাদি ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।	ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী সংক্রান্ত তথ্যাদি ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।	কার্যবিবরণী স্বাক্ষরের পর তথ্যাদি ওয়েব সাইটে আপলোড করা যেতে পারে।

ম্যানেজমেন্ট কমিটির গত ২৭/১১/১৯ইং তারিখের ১৭৩ তম সভার পরামর্শ এবং ইনোভেশন টিমের কার্যপরিধির ৪.৩ অনুযায়ী উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি সভা প্রতিমাসে নিয়মিতভাবে করার এবং যে মাসে ম্যানেজমেন্ট কমিটির সভা হবে সেই মাস পর্যন্ত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদনসহ ম্যানেজমেন্ট কমিটিতে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া ইনোভেশন টিমের পরবর্তী মাসিক সভায় কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির হালনাগাদ তথ্যাদি উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন বিষয় না থাকায় সভাপতি ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আজিজুল হক)
ইনোভেশন অফিসার ও
মহাব্যবস্থাপক (প্রশাসন)